ভোরের কাগজ

তারিখ ... 26 DEC 2002 ...
পৃষ্ঠা ... ৭২ ... কলাম ... ৭ ...

# ঢা.বি উপাচার্যের সঙ্গে শিবিরের সাক্ষাতে বিভিন্ন সংগঠনের নিন্দা

## এটি একটি সৌজন্য সাক্ষাৎ : ঢা.বি কর্তৃপক্ষ

কাগজ প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজের সঙ্গে মৌলবাদী ছাত্র সংগঠন শিবির নেতৃবৃন্দের সাক্ষাৎ এবং ক্যাম্পাসে শিবিরের আত্মপ্রকাশ সম্পর্কিত আলোচনার ঘটনায় তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানিয়েছে ক্যাম্পাসের প্রগতিশীল ছাত্র সংগঠন এবং সংশ্লিষ্ট মহল।

বিভিন্ন ছাত্র সংগঠন এ ঘটনায় উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজকে ছাত্র শিবিরকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুনর্বাসন সহায়তা করার জন্য অভিযুক্ত করে এ ঘটনায় হুঁশিয়ারি উচ্চারণ করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মৌলবাদী ছাত্র সংগঠন ছাত্রশিবিরের অশুভ তৎপরতা প্রতিরোধে বিশ্ববিদ্যালয়ের সকল প্রগতিশীল ছাত্র সংগঠনকে একত্রিত হওয়ার আহ্বান জানিয়েছে বাংলাদেশ ছাত্রলীগ। গতকাল এক বিবৃতিতে ছাত্রলীগ সভাপতি লিয়াকত শিকদার এবং সাধারণ সম্পাদক ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে শিবির নেতাদের সাক্ষাৎ প্রসঙ্গে বলেন, প্রগতিশীল আন্দোলনের সূতিকাগার হিসেবে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রভাব বিস্তারের অপচেষ্টায় মৌলবাদী শিবির চক্র মেতে উঠেছে। বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিবিরের তৎপরতা স্বাধীনতাবিরোধী প্রতিক্রিয়াশীলদের সংঘবদ্ধ ও অনুপ্রাণিত করবে।

ছাত্রলীগ নেতৃদ্বয় বলেন, পবিত্র ইসলাম ধর্মের বাতিল মতবাদের প্রবক্তা মওদুদের ভ্রান্ত মতবাদে বিশ্বাসী শিবিরের এ যাবৎকাল সকল ● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৬

## ঢা.বি উপাচার্যের সঙ্গে শিবিরের

● শেষের পাতার পর

তৎপরতা দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ববিরোধী কর্মকাণ্ডেরই অংশ। মানুষ হত্যা, রগকাটা, সন্ত্রাসী কার্যকলাপে সিদ্ধহস্ত ছাত্রশিবির তাদের সন্ত্রাসী কর্মকাণ্ড বিস্তারে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কালো থাবা বিস্তার করতে চাচ্ছে বিশ্ববিদ্যালয় বর্তমান প্রশাসনের সহায়তায়। নেতৃদ্বয় উপাচার্যের সঙ্গে শিবির ক্যাডারদের সাক্ষাতের ঘটনায় তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানিয়ে বলেন, এ পর্যন্ত কোনো ভিসি শিবিরের সঙ্গে কথা বলার দুঃসাহস না দেখালেও বর্তমান ভিসি শিবির নেতাদেরকে সাক্ষাৎ করার অনুমতি দিয়ে সাধারণ ছাত্রছাত্রীদের অনুভূতিতে আঘাত দিয়েছেন।

ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহ্বায়ক আলিম এ প্রসঙ্গে বলেন, ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীদের অনুভূতিকে ধারণ করে রাজনীতি করে। তারা এমন কোনো বিষয় সমর্থন করে না যা প্রগতিশীল কর্মকাণ্ডবিরোধী।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের নেতা খোকন দাস উপাচার্যের সঙ্গে শিবির নেতাদের সাক্ষাৎ প্রসঙ্গে বলেন, বিশ্ববিদ্যালযের বর্তমান প্রশাসন ক্যাম্পাসে ছাত্রশিবিরকে প্রতিষ্ঠা করার চেষ্টা চালাচ্ছে।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের এহেন কর্মকাণ্ড কখনোই মেনে নেওয়া হবে না। তিনি এ বিষয়ে হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, ছাত্রশিবিরের যে কোনো কর্মকাণ্ড রুখতে ছাত্র ফ্রন্ট সাধারণ ছাত্রছাত্রীদের নিয়ে প্রয়োজনে ব্যাপক আন্দোলন গড়ে তুলবে।

প্রকাশিত সংবাদের প্রতিবাদ : এদিকে গতকাল ভোরের কাগজে 'উপাচার্যের সঙ্গে বৈঠক : ঢা.বিতে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করতে যাচ্ছে শিবির' শীর্ষক সংবাদে কিছু তথ্যের বিষয়ে প্রতিবাদ জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

প্রতিবাদে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রকাশ্যে রাজনীতি করার বিষয়ে উপাচার্যের সঙ্গে ছাত্রশিবিরের নেতৃবৃন্দের সঙ্গে কোনোরকম আলোচনাই হয়নি। উপাচার্যের নিযুক্তির পর বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক ও ছাত্র সংগঠন পর্যায়ক্রমে তার সঙ্গে সৌজন্য সাক্ষাতে মিলিত হচ্ছে, ছাত্র শিবিরও একইভাবে সৌজন্য সাক্ষাৎ করে উপাচার্যকে শুভেচ্ছা জানায়।

## কলাপাড়ায় ৪ রাখাল বালক

● শেষের পাতার পর

ঘটনায় বোমা আতঙ্ক বিরাজ করছে।

নীলফামারী প্রতিনিধি জানান, গত মঙ্গলবার রাতে দুঃসাহসিক ডাকতির পর গতকাল বুধবার পুলিশ জেলার জলঢাকা উপজেলার শৌলমারী ইউনিয়নের ডাকালীগঞ্জে আরডিআরএস ফেডারেশন ইউনিয়ন অফিসের প্রাঙ্গণ থেকে পুলিশ ৮টি তাজা শক্তিশালী বোমা উদ্ধার করেছে। এ ব্যাপারে পুলিশ শ্যামল কুমার (৪২) প্রশিক্ষক ও নৈশপ্রহরী আলিমুদ্দীনকে ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে গ্রেপ্তার করেছে।

পুলিশ সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার রাতে জলঢাকা উপজেলার শৌলমারী ইউনিয়নের ডাকালীগঞ্জে আরডিআরএস ফেডারেশন ইউনিয়ন অফিসে ডাকাতি সংঘটিত হয়। ডাকাতরা আরডিআরএস ফেডারেশন ইউনিয়নের মহিলা সদস্যদের মাঝে বিতরণের জন্য রক্ষিত ১২টি সেলাই মেশিন নিয়ে যায়। যাওয়ার সময় ডাকাতরা ৮টি শক্তিশালী তাজা বোমা একটি পলিথিন ব্যাগে রেখে যায়। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে সন্ধ্যা ৭টায় বোমা উদ্ধারের জন্য সেনাবাহিনীকে খবর দেয়। সেনাবাহিনী সেখানে পৌঁছে বোমাগুলো উদ্ধার করে। এ ব্যাপারে ভারপ্রাপ্ত পুলিশ সুপার যতীন পোদ্দারের সঙ্গে যোগাযোগ করলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন এবং বলেন যে এলাকায় অতিরিক্ত পুলিশ বাহিনী পাঠানো হয়েছে।